শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২১) সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ মোস্তফা কামাল
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখঃ ২৯/১২/২০২১ সময়ঃ বেলা ০৩:৩০ টা
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট- ক

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে কমিটির সদস্য সচিব সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ ও সংযুক্ত হয়েছে। এপিএসহ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নে সকলের সম্পৃক্ততা রয়েছে। মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিবৃন্দকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচকসমূহ নিয়ে পর্যায়ক্রমে আলোচনা করা হয়। কর্মসম্পাদন সূচক ভিত্তিক দ্বিতীয় কোয়ার্টারের অর্জন নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো:

| ক্র: নং | বিষয় | মোট লক্ষমাত্রা | ২য় কোয়াঃ লক্ষমাত্রা | ২য় কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ১টি | ১টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২টি | ১টি | ১টি |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৪টি | ১টি | ১টি |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | ৩টি | ৩০/১২/২১ | ১৮/১১/২১ |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৭/০৬/২১<br>১৫/১০/২১<br>১৫/০১/২২<br>১৫/০৪/২২ | ১৫/১০/২১ | ১৫/১০/২১ |
| ১.৭ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২৬/০৭/২১<br>৩০/১০/২১<br>৩১/০১/২২<br>৩০/০৪/২২ | ৩০/১০/২১ | ২৮/১০/২১ |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ৩০/০৬/২২ | - | - |
| ২ | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন | | | |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৩১/০৭/২১ | - | - |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৭০ | ২১ | ১২ |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ১০০% | ২০% | ১৬% |

| ক্র: নং | বিষয় | মোট লক্ষমাত্রা | ২য় কোয়াঃ লক্ষমাত্রা | ২য় কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩০/০৬/২২ | - | - |
| ৩ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম...... (অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | |
| ৩.১ | ভাওয়াল জাতীয় উদ্যানকে প্লাস্টিক বর্জ্য মুক্তকরণ | ৪ | ১ | ১ |
| ৩.২ | সুন্দরবনের খুলনা রেঞ্জ নিয়ন্ত্রণাধীন বনাঞ্চলের বৃক্ষ নিধন প্রতিরোধে ড্রোন ব্যবহার | ২০ হাজার হেক্টর | ৫ হাজার | ১৭,৯০০ হাজার |
| ৩.৩ | পরিবেশ ছাড়পত্র পক্রিয়া নিরীক্ষাকরণ | ৮ | ২ | ১ |
| ৩.৪ | জেনারেটর সৃষ্ট শব্দ দূষণ রোধে অভিযান পরিচালনা | ৪ | ১ | ৩ |
| ৩.৫ | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের বিশেষায়িত বিষয়ে অভিজ্ঞতা বিনিময় | ৪ | ১ | ১ |

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়;

ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম অনুযায়ী গৃহীত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তরকে তৎপর হতে হবে;

খ. দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা জড়িত থাকায় প্রত্যেকটি সূচক যেন নির্ধারিত সময়ে অর্জন করা যায় এ বিষয়ে দপ্তর/ সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

গ. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উন্নয়ন অনুবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

ঘ. নিয়মিত ড্রোন ব্যবহারসহ সুন্দরবনের বৃক্ষ নিধন রোধে বন অধিদপ্তরকে আরো তৎপর হতে হবে;

ঙ. পরিবেশগত ছাড়পত্র নিরীক্ষাকরণ কার্যক্রম পরিচালনায় পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

চ. কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নির্ভয়ে সম্পন্ন করতে হবে;

২। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

০৩/০১/২০২২

মোঃ মোস্তফা কামাল
সচিব
ও
জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পার্সন
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নং- ২২.০০.০০০০.০৫২.১৬.০০২.১৯-১

তারিখ : ১৯ পৌষ ১৪২৮
০৩ জানুয়ারি ২০২১

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা
৫। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা

৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা
৮। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৯। পরিচালক, বাংলাদেশ বন গবেষনা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম
১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১১। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫/০২/2022

ড. মো: মনসুর আলম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৭৯৪